

কুমিল্লার ৩৩টি স্কুলে মিড-ডে মিল চালু

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লার স্কুলগুলোয় মিড-ডে মিলে
সড়া নেই। জেলায় সরকারি ১ হাজার
৩০০টি ও বেসরকারি, রেজিস্টার্ড

১৭৪টি স্কুল মিলিয়ে ২ হাজার ১০৪টি
স্কুলের মধ্যে বাকি ৩৩টিতে
অনিয়মিতভাবে এ প্রকল্প চালু রয়েছে।
সরকারি, প্রাইভেট স্কুলে শিক্ষার্থীর
উপস্থিতি এবং শিক্ষার্থীর সংখ্যা বাড়তে
হতে নেয় স্কুলে মিড-ডে মিল বা দুপুরের
নাড়া সরবরাহের প্রকল্প। পর্যাপ্ত সূত্রে
জানা যায়, জেলায় সদর দক্ষিণ,
চাম্পিনা, লাকসাম, মনোহরগঞ্জ,
ভিতাস, মুরাদনগরের একটি করে
স্কুলে, দাউদকান্দি ও নারায়ণকোটে ২টি
স্কুলে, বরুড়ায় ৪টি স্কুলে, সদর ও
দেবিঘাটে ৩টি স্কুলে, ব্রাহ্মণপাড়ায় ৫টি
স্কুলে এবং কুড়িচংয়ের ৮টি স্কুলে এ
প্রকল্প চালু রয়েছে। কুড়িচংয়ের দক্ষিণ
গ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের
প্রধান শিক্ষক মো. রেজাউল করিম
জানান, স্থানীয় ৫০জন শিক্ষানুরাগীর
সহযোগিতায় আনন্দের স্কুলে মিড-ডে
মিল প্রকল্প চালু করা হয়। সাপ্তাহিক এ
মিড-ডে মিলের কারণে স্কুলে শিক্ষার্থীর
উপস্থিতির হারও সন্তোষজনক।